

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ



Phone: (202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mali: bdoot_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

Date : 22 July 2014

PRESS RELEASE

Solo Painting Exhibition by Kazi Salahuddin at the Embassy of Bangladesh

The Embassy of Bangladesh in Washington DC is going to organize a week long solo painting exhibition: **City of Memories** by internationally acclaimed Bangladeshi Painter Kazi Salahuddin Ahmed. Charge d'Affairs, Mr. Muhammad Abdul Muhith will formally inaugurate the exhibition on **Monday, August 04, 2014 at 6:30 PM at the Bangabandhu Auditorium, Embassy of Bangladesh (3510 International Drive, NW, Washington, DC 20008).**

"City of Memories" is about Kazi Salahuddin's own personal experience with old Dhaka, the part of the capital of Bangladesh that proudly celebrates its centuries old cultural heritage, traditional and the remarkable way of life of its people.

With deft touch on canvas along with the extraordinary style in form, composition, color and structure, painter Salahuddin has been successful to create an exceptionally uncommon domain of his own among the contemporary painters in Bangladesh. Thematically, Salahuddin's works not only reconnect the old and the new, but also tend to challenge the stereotypical thoughts constituting the present day urban life of Dhaka or for that matter any burgeoning modern day cities around the world.

The event is being organized as part of Embassy's outreach efforts to uphold Bangladesh culture in the USA. The Embassy urges upon Bangladesh expatriates living in the greater Washington area to join in its efforts to patronize the painter who has taken up the arduous journey of coming all the way from Bangladesh to showcase his art works.

Mr. Muhammad Abdul Muhith, Chargé d'affaires, Embassy of Bangladesh, Washington DC 20008
Phone: 202-244-3838, Fax: 202-244-2771/7830, E-mail: bdoot_pwash@yahoo.com

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ



Phone: (202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mali: bdoot_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

তারিখ ২২ জুলাই ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাসে কাজী সালাহউদ্দীনের একক চিত্র প্রদর্শনী

বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চিত্রশিল্পী কাজী সালাহউদ্দীনের “সিটি অব মেমোরীজ” শীর্ষক সপ্তাহব্যাপী একক চিত্র প্রদর্শনীর আয়োজন করছে। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত জনাব মুহাম্মদ আব্দুল মুহিত প্রদর্শনীটি আনুষ্ঠানিকভাবে আগামী সোমবার, ০৪ আগস্ট ২০১৪ সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় দূতাবাসের (৩৫১০ ইন্টারন্যাশনাল ড্রাইভ, এন ডব্লিউ, ওয়াশিংটন, ডিসি ২০০০৮) বঙ্গবন্ধু অডিটোরিয়ামে উদ্বোধন করবেন।

‘সিটি অব মেমোরীজ’ চিত্র প্রদর্শণীর বিষয়বস্তু মূলত: চিত্রকর সালাহউদ্দীনের পুরনো ঢাকা সম্পর্কিত ব্যক্তিগত নিবিড় অভিজ্ঞতাকে কেন্দ্র করে গড়ে উঠেছে। প্রদর্শনীটিতে তিনি বাংলাদেশের রাজধানীর অতি পুরাতন এ অংশের সংস্কৃতি, ঐতিহ্য এবং সাধারণ গণমানুষের বহু শতাব্দীর লালনকৃত সামাজিক মূল্যবোধ ও জীবনাচরণের বিভিন্ন দিক তুলে ধরবেন।

ক্যানভাসে রঙতুলির সুনিপুণ আঁচর এবং সেই সাথে নিজস্ব স্টাইল, বর্ণাঢ্য রঙের ব্যবহার, গঠন ও অবয়বে স্বাতন্ত্র্য চিত্রকর সালাহউদ্দীনকে আধুনিক বাংলাদেশী চিত্রশিল্পীদের মধ্যে নিঃসন্দেহে একটি বিশেষ আত্ম-পরিচয় প্রদান করেছে। বিষয়বস্তুর দিক থেকে সালাহউদ্দীনের চিত্রকর্ম শুধুমাত্র পুরাতনকেই নতুনের সাথে যুক্ত করে না, বরং আধুনিক নাগরিক জীবনের বাঁধাধরা এবং অচলায়তনে আবদ্ধ চিন্তাভাবনাকে আঘাত করে, তাঁর বিদ্রোহী তুলি যেন তাই সাহসী পদক্ষেপে বিচরণ করে সুদূর অতীতে, তাঁর অনুসন্ধিৎসু মন পুরাতনের মাঝেই খুঁজে ফেরে চিরনতুনকে।

মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাদেশের সমৃদ্ধ সংস্কৃতির বৈচিত্রময় ও বর্ণাঢ্য দিক তুলে ধরার প্রয়াসে বাংলাদেশ দূতাবাস কাজী সালাহউদ্দীনের এ একক চিত্রপ্রদর্শনীর আয়োজন করছে। দূতাবাস বৃহত্তর ওয়াশিংটন এলাকায় বসবাসরত বাংলাদেশীদের এ অনুষ্ঠানটিতে অংশগ্রহণের মাধ্যমে প্রথিতযশা এ চিত্রশিল্পীকে তাঁর ভবিষ্যৎ অগ্রযাত্রায় অনুপ্রেরণা প্রদানের জন্য আমন্ত্রণ জানাচ্ছে।

Mr. Muhammad Abdul Muhith, Chargé d'affaires, Embassy of Bangladesh, Washington DC 20008
Phone: 202-244-3838, Fax: 202-244-2771/7830, E-mail: bdoot_pwash@yahoo.com



Title : Sheer Chaos 11, Media : Acrylic, Newspaper on Canvas, Size : 165x140cm, Year : 2012



Title : Sheer Chaos 26, Media : Acrylic, Newspaper on Canvas, Size : 165x140cm, Year : 2012